# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০২২/৩৮৯৯(১০)** **তারিখ ঃ ০৫/০৬/২০২২ খ্রি.**

**বিষয় ঃ ২০২২ সালের এসএসসি পরীক্ষা "সুষ্ঠু ও ত্রুটিমুক্তভাবে গ্রহণ" শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুষ্ঠু ও ত্রুটিমুক্তভাবে ২০২২ সালের এসএসসি পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্রের শুধুমাত্র কেন্দ্র সচিব ও কমিটির আহ্বায়কগণের নিয়ে পরীক্ষার মানোন্নয়ন শীর্ষক কর্মশালা নিম্নের ছকে উল্লিখিত সময়সূচি মোতাবেক শিক্ষা বোর্ডের ৮ম তলায় অনুষ্ঠিত হবে। উল্লিখিত কর্মশালায় সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিব ও কমিটির আহ্বায়কগণকে উক্ত মতবিনিময় সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | জেলার নাম | কেন্দ্র সংখ্যা | কর্মশালা অনুষ্ঠিত হওয়ার তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১. | কুড়িগ্রাম | ৩৪ টি | **০৯/০৬/২০২২** | **সভাকক্ষে উপস্থিতি সকাল ১০:৪৫ মিনিট; আসন গ্রহণ সকাল ১০:৫৫ মিনিট; কর্মশালা শুরু বেলা ১১:০০ টা; কর্মশালা শেষ দুপুর ০১:০০ টা।** |
| ০২. | নীলফামারী | ২৭ টি | | |
| ০৩. | ঠাকুরগাঁও | ২৪ টি | **১০/০৬/২০২২** | |
| ০৪. | পঞ্চগড় | ২২ টি | | |
| ০৫. | রংপুর | ৫০ টি | **১১/০৬/২০২২** | |
| ০৬. | গাইবান্ধা | ৪০ টি | **১২/০৬/২০২২** | |
| ০৭. | লালমনিরহাট | ২০ টি | | |
| ০৮. | দিনাজপুর | ৬০ টি | **১৩/০৬/২০২২** | |

**বি:দ্র:- কোন কেন্দ্র সচিব/কমিটির আহ্বায়ক সকাল ১০:৪৫ মিনিটের মধ্যে কর্মশালায় উপস্থিত হতে না পারলে তিনি সভায় অনুপস্থিত আছেন হিসেবে গণ্য হবেন।**

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

**কেন্দ্র সচিব**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০২২।

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০২২/৩৮৯৯(১০)** **তারিখ ঃ ০৫/০৬/২০২২ খ্রি.**

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৫। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৮। Website Copy.
০৯। অফিস নথি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০২২/৩৯০০(১০) তারিখ ঃ ০৫/০৬/২০২২ খ্রি.

**বিষয় ঃ** **২০২২ সালের এসএসসি পরীক্ষার উপকরণাদি বিতরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীনে ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা আগামী ১৯ জুন রবিবার হতে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের অলিখিত মূল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময় অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি বিতরণ ও জমা গ্রহণ শাখা হতে সরবরাহ করা হবে। **এ কারণে এসএসসি পরীক্ষা কেন্দ্রের সচিবকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত নিজ প্রতিষ্ঠানের একজন শিক্ষক প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হলো।** কেন্দ্র সচিব, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হলে উপকরণ গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়ন পত্র সঙ্গে নিয়ে আসতে হবে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে গৃহীত সংশ্লিষ্ট প্রতিনিধির নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক সঙ্গে আনতে হবে।

০১। তাঁর কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি অত্র শিক্ষা বোর্ড হতে কেন্দ্র পর্যন্ত নিরাপদে পরিবহণের ব্যবস্থা তাঁকে নিজ দায়িত্বে করতে হবে এবং এ কাজের জন্য প্রয়োজনীয় ব্যয় পরীক্ষা কেন্দ্রের তহবিল হতে বহন করতে হবে।

০২। **কেন্দ্রে পৌছার পরই প্রাপ্ত উপকরণাদি প্রাপ্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত সংখ্যা (ভাল/নষ্ট, কম/বেশী) বর্ণনা দিয়ে সরবরাহকৃত ফরমে লিখিতভাবে ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং উক্ত রিপোর্টের ০১ (এক) কপি অর্থাৎ রিসিভ্‌ড কপি পরীক্ষা শেষে চূড়ান্ত হিসাব-নিকাশ জমাদানের সময় অবশ্যই দাখিল করতে হবে।**

০৩। তাঁর কেন্দ্রের আওতাধীন কোন প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের পরীক্ষার ফি বাবদ কোন বকেয়া পাওনা থাকলে উপকরণাদি গ্রহণের পূর্বেই উক্ত পাওনা পরিশোধ করতঃ অত্র বোর্ডের হিসাব শাখায় ও মাধ্যমিক পরীক্ষা শাখা হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে অন্যথায় পরীক্ষার উপকরণাদি সরবরাহ করা হবে না। এ ব্যাপারে তাঁকে অবশ্যই নিশ্চিত হতে হবে।

০৪। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে দিনাজপুর শিক্ষা বোর্ডের Website- www.dinajpureducationboard.gov.bd-এ প্রকাশিত সময়সূচি অনুযায়ী উদ্বৃত্ত ও বিনষ্ট মালামাল, অব্যবহৃত প্রশ্নপত্র, ট্রাংক, তালা, অলিখিত/অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, খালি বস্তাসহ সকল সরবরাহকৃত উপকরণাদি অবশ্যই অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট বুঝে দিতে হবে। উক্ত সময়ে উপকরণ জমাদানে ব্যর্থ হলে এবং মালমাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতি পূরণ আদায় করা হবে। উদ্বৃত্ত উপকরণাদি কোন ক্রমেই পরীক্ষা নিয়ন্ত্রকের নামে/ঠিকানায় (কুরিয়ার/ ডাকযোগে) পাঠানো যাবে না।

০৫। কেন্দ্র সচিব গ্রহণকৃত উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা গ্রহণ শেষে তিনি নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে বুঝিয়ে দিতে বাধ্য থাকবেন।

০৬। **অলিখিত মূল উত্তরপত্র/অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর ব্যবহার করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ২০/- (বিশ) টাকা হারে জরিমানা সোনালী সেবার মাধ্যমে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপযুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্র সচিবের সীল ও স্বাক্ষর করে ফেরৎ দিতে হবে। কোন উত্তরপত্রের পিন/সেলাই খোলা থাকলে, কোন ক্রমেই অন্য স্ট্যাপ্লার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ক্রটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরত দিতে হবে।**

০৭। বস্তা ও উদ্বৃত্ত প্রশ্নপত্র ফেরৎ দিতে ব্যর্থ হলে ক্রমিক নং ০৬ এর ন্যায় ক্ষতিপূরণ দিতে কেন্দ্র সচিব বাধ্য থাকবেন।

## -ঃ জেলা ভিত্তিক কেন্দ্রওয়ারী উপকরণাদি বিতরণের তারিখ ও সময় নিম্নরূপ ঃ-

| ক্রঃ নং | জেলার নাম | কেন্দ্র সংখ্যা | বিতরণের তারিখ | বিতরণের স্থান | সময় |
|---|---|---|---|---|---|
| ০১. | কুড়িগ্রাম | ৩৪ টি | ০৯/০৬/২০২২ | শিক্ষা বোর্ডের গোডাউন | সকাল ঃ ৯:০০ টা |
| ০২. | নীলফামারী | ২৭ টি | | শিক্ষা বোর্ডের গোডাউন | সকাল ঃ ৯:০০ টা |
| ০৩. | ঠাকুরগাঁও | ২৪ টি | ১০/০৬/২০২২ | শিক্ষা বোর্ডের গোডাউন | সকাল ঃ ৯:০০ টা |
| ০৪. | পঞ্চগড় | ২২ টি | | শিক্ষা বোর্ডের গোডাউন | সকাল ঃ ৯:০০ টা |
| ০৫. | রংপুর | ৫০ টি | ১১/০৬/২০২২ | শিক্ষা বোর্ডের গোডাউন | সকাল ঃ ৯:০০ টা |
| ০৬. | গাইবান্ধা | ৪০ টি | ১২/০৬/২০২২ | শিক্ষা বোর্ডের গোডাউন | সকাল ঃ ৯:০০ টা |
| ০৭. | লালমনিরহাট | ২০ টি | | শিক্ষা বোর্ডের গোডাউন | সকাল ঃ ৯:০০ টা |
| ০৮. | দিনাজপুর | ৬০ টি | ১৩/০৬/২০২২ | শিক্ষা বোর্ডের গোডাউন | সকাল ঃ ৯:০০ টা |

পরীক্ষা কেন্দ্রের উদ্বৃত্ত উপকরণ ও মালামাল শিক্ষা বোর্ডে ফেরত প্রদানের তারিখ ও সময় যথাসময়ে দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশ করা হবে এবং কেন্দ্র সচিবকে তাঁর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে অবহিত করা হবে।

05/06/2022

**কেন্দ্র সচিব ও প্রধান শিক্ষক**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২২।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০২২/৩৯০০(১০) **তারিখ ঃ** ০৫/০৬/২০২২ খ্রি.

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০২। ডিআইজি, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
০৪। পুলিশ সুপার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৬। সকল কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৮। Website Copy.
০৯। অফিস নথি।

05/06/2022

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

**(বিঃদ্রঃ- পরীক্ষার উপকরণ সংক্রান্ত যে কোন সমস্যায় যোগাযোগ করুন ঃ**
**(সেকশন অফিসার জনাব মোঃ মেসবাহুল ইসলাম, মোবাইল নংঃ ০১৭১৫-৬৭২৩৭৬)**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০২২/৩৯০১(১০) **তারিখ ঃ** ০৫/০৬/২০২২ খ্রি.

**বিষয় ঃ <u>২০২২ সালের এসএসসি পরীক্ষার দৈনন্দিন তথ্য আদান-প্রদানের জন্য দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ খোলা প্রসঙ্গে।</u>**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের এসএসসি পরীক্ষা সংক্রান্ত তথ্য আদান-প্রদানের জন্য অত্র শিক্ষা বোর্ডে ইতোমধ্যে একটি **"পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ"** খোলা হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন, মোবাইল ও ফ্যাক্স নম্বরসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

টেলিফোন নম্বর ঃ ০২৫৮৮৮১৭৬৯৫

ফ্যাক্স নম্বর ঃ ০৫৩১-৬৬৪২১

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঃ**
**প্রফেসর মোঃ হারুন-অর-রশীদ মন্ডল**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমা)
**মোবাইল নম্বর ঃ ০১৭১৬-৫৩০১৫৭**

05/06/2022
**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
মোবাইল ঃ ০১৭১৬-০৩৯৮৩১

**সচিব**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০২২/৩৯০১(১০) **তারিখ ঃ** ০৫/০৬/২০২২ খ্রি.

**অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৪। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৬। কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র -২০২২।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৮। Website Copy.
০৯। অফিস কপি।

05/06/2022
**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরীঃ-২০২২/৩৯০২(১০)** **তারিখ ঃ ০৫/০৬/২০২২ খ্রি.**

**বিষয় ঃ ২০২২ সালের এসএসসি পরীক্ষার ব্যবহারিক বিষয়সমূহের ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রেরণ।**

২০২২ সালের এসএসসি পরীক্ষার ব্যবহারিক বিষয়সমূহের ব্যবহারিক পরীক্ষার নম্বর Online-এ এবং শিক্ষা বোর্ড কর্তৃক সরবরাহকৃত নম্বরফর্দে নিম্নে বর্ণিত নিয়মে প্রেরণ করতে সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিবকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১। www.dinajpurboard.gov.bd Website এর SSC Practical Marks Option ব্যবহার করে ব্যবহারিক পরীক্ষা চলাকালীন সময়ে বিষয়ভিত্তিক ব্যবহারিক নম্বর Online-এ এন্ট্রি করে তারপর Confirm পূর্বক প্রেরণ করতে হবে। Confirm করা হলে ব্যবহারিক নম্বর এন্ট্রিকৃত তালিকাসমূহের কপি প্রিন্ট করে নিতে হবে এবং প্রতি পৃষ্ঠায় কেন্দ্র সচিবকে স্বাক্ষর করতে হবে। কেন্দ্র সচিব কর্তৃক স্বাক্ষরিত ব্যবহারিক পরীক্ষার নম্বরের Online-এ এন্ট্রিকৃত তালিকা ০২ (দুই) সেট এবং শিক্ষা বোর্ড হতে সরবরাহকৃত ব্যবহারিক পরীক্ষার নম্বর ফর্দে প্রস্তুতকৃত তালিকা ০২ (দুই) সেট প্রস্তুত করতে হবে। উভয়ের সেটের এক কপি করে তালিকা শিক্ষা বোর্ডে জমা দিতে হবে এবং অপর এক কপি করে কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) এ দুটি বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের নম্বর পরীক্ষা কেন্দ্রের মাধ্যমে Online-এ প্রেরণ করতে হবে এবং শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

05/06/2022

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

**কেন্দ্র সচিব**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০২২।

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরীঃ-২০২২/৩৯০২(১০)** **তারিখ ঃ ০৫/০৬/২০২২ খ্রি.**

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৪। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৬। প্রধান শিক্ষক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৮। অফিস কপি।

05/06/2022

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


# এসএসসি পরীক্ষা-২০২২
# পরীক্ষা কেন্দ্রে করণীয়

০১। পরীক্ষা কেন্দ্রে শুধুমাত্র কেন্দ্র সচিব সাধারণ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন। কোনক্রমেই তিনি এন্ড্রয়েড ফোন ব্যবহার করতে পারবেন না। কেন্দ্র সচিব ছাড়া আর অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে কিংবা সঙ্গে রাখতে পারবেন না।

০২। কেন্দ্র সচিব প্রত্যেক পরীক্ষার দিন সঠিক সেট-এর প্রশ্ন কেন্দ্রে আনয়ন এবং প্রশ্নের প্যাকেট খোলার পূর্বে ঐ দিনের সেট নির্দেশিকায় বর্ণিত সেট ও প্রশ্নের প্যাকেটে উল্লিখিত সেট একই কি-না সেটি নিশ্চিত করবেন। তারপর প্রশ্নের প্যাকেট খুলবেন। কেন্দ্র প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী নিজ প্রতিষ্ঠান কেন্দ্র ব্যতিত অন্য কোন কেন্দ্রে বা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পরীক্ষার কোন দায়িত্ব পালন করতে পারবেন না।

০৩। কেন্দ্র সচিব কক্ষ প্রত্যবেক্ষকদের এই মর্মে নির্দেশনা প্রদান করবেন যেন তাঁরা কোন অবস্থাতেই উত্তরপত্রের কভার পৃষ্ঠার OMR-এর উপরে ইংরেজিতে লিখা সিরিয়াল নম্বর ও লিথো কোড বিহীন কোন উত্তরপত্র পরীক্ষার্থীকে সরবরাহ না করেন। বিষয়টি কেন্দ্রের কেন্দ্র সচিব অবশ্যই নিশ্চিত করবেন।

০৪। কেন্দ্র প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী নিজ প্রতিষ্ঠান কেন্দ্র ব্যতিত অন্য কোন কেন্দ্রে বা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পরীক্ষার কোন দায়িত্ব পালন করতে পারবেন না।

০৫। ২০২২ সালের এসএসসি পরীক্ষায় সকল পরীক্ষার্থীকে প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের বহুনির্বাচনী ও সৃজনশীল পরীক্ষার উত্তরপত্র পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে একইসাথে সরবরাহ করতে হবে। কেননা পরীক্ষার্থীদের বহুনির্বাচনী ও সৃজনশীল পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না। বহুনির্বাচনী অংশের সময় ২০ মিনিট। বহুনির্বাচনী পরীক্ষার সময় শেষ হওয়ার সাথে সাথে কক্ষ প্রত্যবেক্ষকগণ আগে সৃজনশীল পরীক্ষার প্রশ্নপত্র পরীক্ষার্থীদের সরবরাহ করবেন। একইসাথে সৃজনশীল অংশের পরীক্ষা শুরু হবে। অতঃপর বহুনির্বাচনী পরীক্ষার উত্তরপত্র সংগ্রহ করতঃ গণনা করে সঠিক সংখ্যক বহুনির্বাচনী ওএমআর পরীক্ষা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট বুঝিয়ে দিবেন। সৃজনশীল অংশের পরীক্ষা ১ ঘন্টা ৪০ মিনিট অনুষ্ঠিত হবে।

০৬। বহিষ্কার হওয়া পরীক্ষার্থীর উত্তরপত্র শিক্ষা বোর্ডে প্রেরণ ও গোপনীয় ফরম প্রস্তুতকরণের ক্ষেত্রে বিশেষ সাবধানতা অবলম্বন করবেন। বহিষ্কার হওয়া উত্তরপত্র/উত্তরপত্রসমূহ পৃথকভাবে প্যাকেট করে সাদা কাপড়ে মুড়িয়ে সেলাই ও সিলগালা করে প্যাকেটের উপর লাল কালির সিগনেচার কলম দিয়ে বড় করে রিপোর্টেড লিখে শুধুমাত্র রেজিস্টার্ড ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর বরাবরে প্রেরণ করবেন। এর ব্যতিক্রম হলে এবং কোন বহিস্কৃত পরীক্ষার্থীর উত্তরপত্র পরীক্ষকের নিকট বিতরণ হয়ে গেলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কেন্দ্র সচিবসহ সংশ্লিষ্ট সকলকেই বহন করতে হবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্রটি কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হতে পারে। গোপনীয় ফরমে পরীক্ষার্থীর নাম-ঠিকানা লিখার জন্য যে ঘর রাখা হয়েছে সেগুলো যথাযথভাবে পুরণ করতে হবে। যাতে করে পরীক্ষার্থীকে কারণ দর্শানোর নোটিশ ডাকযোগে পৌছানো যায়।

০৭। রেজিঃ কার্ড ও প্রবেশপত্র বহির্ভুত বিষয়ে কোন পরীক্ষার্থীকে শিক্ষা বোর্ডের অনুমতি ব্যতিরেকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া যাবে না।

০৮। কোন কেন্দ্রের এক বা একাধিক পরীক্ষার্থীর পরীক্ষার ফল স্থগিত বা ক্রস (×) চিহ্নিত আকারে প্রকাশিত হলে পরীক্ষার ফল প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর সংশোধিত ফল প্রকাশের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কেন্দ্রের মাধ্যমে আবেদন করবেন। তবে রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র বহির্ভুত বিষয়ে পরীক্ষা দেয়ার কারণে কোন পরীক্ষার্থীর পরীক্ষার ফল স্থগিত বা ক্রস (×) চিহ্নিত আকারে প্রকাশিত হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কেন্দ্রকেই বহন করতে হবে।

০৯। পরীক্ষা পরিচালনা নীতিমালা পুস্তিকা একাধিকবার পড়ে তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। পরীক্ষা কেন্দ্রের গেটে বা আশে পাশে কোন জটলা হলে কেন্দ্র সচিব পুলিশ প্রশাসনের সহায়তায় প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

১১। কেন্দ্রের প্রবেশদ্বারে সি.সি. ক্যামেরা স্থাপন করবেন।

১২। পরীক্ষার শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীরা আসন গ্রহণ করবে।

১৩। নির্বাহী ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার) ট্রেজারী/থানা/ব্যাংক-এর নিরাপত্তা হেফাজত হতে কেন্দ্রের সচিব বা তার মনোনীত উপযুক্ত প্রতিনিধিসহ কেন্দ্রের দূরত্ব অনুযায়ী প্রয়োজনীয় সময় পূর্বে পুলিশ প্রহরায় উভয় সেটের (02/04) প্রশ্নপত্র কেন্দ্রে নিয়ে যাবেন। রুটিন অনুযায়ী নির্ধারিত দিন ও তারিখের MCQ ও রচনামূলক/সৃজনশীল উভয় সেট প্রশ্নপত্র পরীক্ষা কেন্দ্রে নিতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পূর্বে সেট কোড জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেট কোডের প্রশ্নপত্রের প্যাকেট খুলে পরীক্ষা গ্রহণ করতে হবে। যে সেটের পরীক্ষা হবে না সে সেটের প্রশ্নপত্রের প্যাকেট না খুলে কেন্দ্রে সংরক্ষণ করবেন এবং উদ্বৃত্ত উপকরণ জমা দেয়ার সময় উক্ত প্রশ্নপত্রের প্যাকেটগুলো শিক্ষা বোর্ডে জমা দিবেন। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুযায়ী প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।

১৪। কোন অনিবার্য কারণে পরীক্ষা শুরু করতে দেরি হলে, সেক্ষেত্রে যত মিনিট দেরিতে পরীক্ষা শুরু হবে তত মিনিট দেরিতে পরীক্ষা শেষ করতে হবে।

02/06/2022

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।